গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর,
জাতীয় ক্রীড়া পরিষদ (NSC) ভবন লেভেল-১৫
৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
www. ccie.gov.bd

নং-২৬.০৩.০০০০.০০৫.২৫.০০৬.১৬. ৪৩৬২ তারিখঃ ০৭ পৌষ ১৪২৪ / ২১ ডিসেম্বর ২০১৭

বিষয়ঃ বার্ষিক গোপনীয় অনুবেদন (ACR) ফরম অনুস্বাক্ষর/প্রতিস্বাক্ষর/দাখিল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বাণিজ্য মন্ত্রণালয়ের বিগত ৩০ এপ্রিল ২০১৫ তারিখের অফিস আদেশ নং-২৬.০০.০০০০.০৮৮.৩৬.০৭৩.১৩-৮০ এবং আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তরের ১৮ ফেব্রুয়ারি ২০১৬ তারিখের অফিস স্মারক নং-২৬.০৩.০০০০.০০৫.২৫.১৬.৯৬৫ সংখ্যক অফিস আদেশদ্বয় অনুসরণ করে বার্ষিক গোপনীয় অনুবেদন (ACR) ফরম অনুস্বাক্ষর/প্রতিস্বাক্ষর/দাখিল জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ০২ পাতা।

(মনিরুজ্জামান খান)
সহকারী নিয়ন্ত্রক
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।
ফোন-৯৫৫০২৮৯
ac2.ho@ccie.gov.bd

দপ্তর প্রধান
সকল আঞ্চলিক দপ্তর
আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ অধিদপ্তর।

অনুলিপি:

১। ব্যক্তিগত সহকারী, প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।

আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর
নিব...
উপ-নিঃ...
সহ-নিক...
ক্রমিক নং ৩৮৫... শাখা...
তাং ৫।৫।১৫...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
প্রশাসন-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mincom.goV.bd

নং-২৬.০০.০০০০.০৮৮.৩৬.০৭৩.১৩ ৮০ তারিখ-৩০ এপ্রিল, ২০১৫

অফিস আদেশ

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, গোপনীয় অনুবেদন ফরম যথাযথভাবে পূরণ, অনুস্বাক্ষরসহ লিখন, প্রতিস্বাক্ষরকরণ এবং নির্ধারিত সময়ের মধ্যে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিতকল্পে আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রথম শ্রেণির কর্মকর্তাদের অনুবেদনকারী কর্তৃপক্ষ ও প্রতিস্বাক্ষরকারী কর্তৃপক্ষ নিম্নরূপভাবে নিধারণ করা হলো:

| ক্র: নং | অনুবেদনাধীন কর্মকর্তা | অনুবেদনকারী কর্তৃপক্ষ | প্রতিস্বাক্ষরকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | প্রধান নিয়ন্ত্রক | সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব | মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রী |
| ০২ | নিয়ন্ত্রক | প্রধান নিয়ন্ত্রক | সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব |
| ০৩ | যুগ্ম-নিয়ন্ত্রক | প্রধান নিয়ন্ত্রকের দপ্তরের নিয়ন্ত্রক/প্রধান নিয়ন্ত্রকের দপ্তরের নিয়ন্ত্রকের অবর্তমানে ঢাকা আঞ্চলিক দপ্তরের নিয়ন্ত্রক। | প্রধান নিয়ন্ত্রক |
| ০৪ | উপ-নিয়ন্ত্রক | যুগ্ম-নিয়ন্ত্রক/নিয়ন্ত্রক (নিয়ন্ত্রক কর্তৃক অনুস্বাক্ষরিত হলে তিনিই প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা হিসেবে স্বাক্ষর করবেন) | নিয়ন্ত্রক, প্রধান নিয়ন্ত্রকের দপ্তর/ঢাকা আঞ্চলিক দপ্তরের নিয়ন্ত্রক |
| ০৫ | সহকারী নিয়ন্ত্রক | নিজ দপ্তরের উপ-নিয়ন্ত্রক/প্রধান নিয়ন্ত্রকের দপ্তরের উপ-নিয়ন্ত্রক/ঢাকা আঞ্চলিক দপ্তরের উপ-নিয়ন্ত্রক | প্রধান নিয়ন্ত্রকের দপ্তরের নিয়ন্ত্রক/ঢাকা আঞ্চলিক দপ্তরের নিয়ন্ত্রক |

০২। উল্লেখ্য, সর্বোপরি, ২৩ সেপ্টেম্বর ২০১২ তারিখের ০৫.১০২.২২.০১.০০.০০১.২০১২-৫৮ নং স্মারকে গোপনীয় অনুবেদন ফরম পূরণ, অনুস্বাক্ষর ও প্রতিস্বাক্ষর সংক্রান্ত বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত সমন্বিত অনুশাসনমালা প্রয়োজনে ব্যবহারের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের Web site (www.mopa.gov.bd) এ সন্নিবেশিত রাখা আছে।

৩০/৪/১৫
(নাজমুল হক)
সহকারী সচিব
ফোন-৯৫৪০৬২৫

প্রধান নিয়ন্ত্রক
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর
১১১-১১৩ মতিঝিল বা/এ,
ঢাকা।

অনুলিপি:

১। সিনিয়র সচিব এর একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর
১১১-১১৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০।
www.ccie.gov.bd

নং ২৬.০৩.০০০০.০০৫.২৫.০০৬.১৬.৯৮৫৪

তারিখঃ ০৬ ফাল্গুন ১৪২২ / ১৮ ফেব্রুয়ারি ২০১৬।

অফিস স্মারক

বিষয়ঃ বার্ষিক গোপনীয় অনুবেদন (ACR) ফরম অনুস্বাক্ষর/প্রতিস্বাক্ষর/দাখিল।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক সময়ে সময়ে জারিকৃত পরিপত্র/সার্কুলার/অনুশাসনমালা অনুসরণপূর্বক আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তরসহ এর আওতাধীন সকল আঞ্চলিক দপ্তরে কর্মরত ২য় শ্রেণীর কর্মকর্তা ও ৩য় শ্রেণীর কর্মচারীদের বার্ষিক গোপনীয় অনুবেদন (ACR) ফরম অনুস্বাক্ষর ও প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা নিম্নরূপে নির্ধারণ করা হলো:

| ক্রমিক | পদের নাম | অনুবেদনকারী কর্মকর্তা | প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| ১ | নির্বাহী অফিসার | নিজ দপ্তরের সহকারী নিয়ন্ত্রক<br><br>(নিজ দপ্তরের সহকারী নিয়ন্ত্রকের অবর্তমানে উক্ত দপ্তরের উপ-নিয়ন্ত্রক/যুগ্ম-নিয়ন্ত্রক/নিয়ন্ত্রক। নিজ দপ্তরের উপ-নিয়ন্ত্রক/যুগ্ম-নিয়ন্ত্রক/নিয়ন্ত্রকের অবর্তমানে প্রধান নিয়ন্ত্রকের দপ্তরের সহকারী নিয়ন্ত্রক) | নিজ দপ্তরের উপনিয়ন্ত্রক<br><br>(নিজ দপ্তরের উপ-নিয়ন্ত্রকের অবর্তমানে উক্ত দপ্তরের যুগ্ম-নিয়ন্ত্রক/নিয়ন্ত্রক। নিজ দপ্তরের যুগ্ম-নিয়ন্ত্রক/নিয়ন্ত্রকের অবর্তমানে প্রধান নিয়ন্ত্রকের দপ্তরের উপ-নিয়ন্ত্রক/নিয়ন্ত্রক/প্রধান নিয়ন্ত্রক) |
| ২ | সাঁট-লিপিকার/ সাঁট-মুদ্রাক্ষরিক/ উচ্চমান সহকারী/ অফিস সহকারী | নিজ দপ্তরের নির্বাহী অফিসার | নিজ দপ্তরের সহকারী নিয়ন্ত্রক<br><br>(নিজ দপ্তরের সহকারী নিয়ন্ত্রকের অবর্তমানে উক্ত দপ্তরের উপ-নিয়ন্ত্রক/যুগ্ম-নিয়ন্ত্রক/নিয়ন্ত্রক। (নিজ দপ্তরের উপ-নিয়ন্ত্রক/যুগ্ম-নিয়ন্ত্রক/নিয়ন্ত্রকের অবর্তমানে প্রধান নিয়ন্ত্রকের দপ্তরের সহকারী নিয়ন্ত্রক) |

ক) অনুবেদনাধীন কর্মকর্তা/কর্মচারী প্রতিবছর ৩১ জানুয়ারির মধ্যে এসিআর ফরম যথাযথভাবে পূরণপূর্বক অনুবেদনকারী কর্মকর্তার নিকট দাখিল করবেন;

খ) অনুবেদনকারী কর্মকর্তা প্রতিবছর ২৮ ফেব্রুয়ারির মধ্যে দাখিলকৃত এসিআর ফরম যথাযথভাবে অনুস্বাক্ষরপূর্বক প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার নিকট দাখিল করবেন;

গ) প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা প্রাপ্ত এসিআর ফরম যথাযথভাবে প্রতিস্বাক্ষর শেষে আবশ্যিকভাবে ৩১ মার্চের মধ্যে সদর দপ্তরের প্রশাসন শাখায় প্রেরণ নিশ্চিত করবেন। উল্লেখ্য যে, ৩১ মার্চের পর বার্ষিক গোপনীয় অনুবেদন (ACR) ফরম অনুস্বাক্ষর/প্রতিস্বাক্ষরের বিষয়ে কোনরূপ আবেদন বিবেচনা করা হবে না।

ঘ) বার্ষিক গোপনীয় অনুবেদন (ACR) ফরম অনুস্বাক্ষর/প্রতিস্বাক্ষরের বিষয়ে কোন কর্মকর্তা/কর্মচারীর কোন ধরনের গাফিলতি পরিলক্ষিত হলে বিধি মোতাবেক সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে।

২। বাণিজ্য মন্ত্রণালয়ের ৩০/০৪/২০১৫ তারিখের নং-২৬.০০.০০০০.০৮৮.৩৬.০৭৩.১৩.৮০ সংখ্যক অফিস আদেশটি যথাযথভাবে অনুসরণপূর্বক আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রেকের দপ্তরসহ এর আওতাধীন সকল আঞ্চলিক দপ্তরে কর্মরত ১ম শ্রেণির কর্মকর্তাদের বার্ষিক গোপনীয় অনুবেদন অনুস্বাক্ষর ও প্রতিস্বাক্ষর করতে হবে।

৩। এমতাবস্থায়, উপর্যুক্ত নির্দেশনা অনুযায়ী বার্ষিক গোপনীয় অনুবেদন (ACR) ফরম অনুস্বাক্ষর/প্রতিস্বাক্ষর/দাখিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল কর্মকর্তা/কর্মচারীকে অনুরোধ করা হলো।

১৮.২.২০১৬

(আফরোজা খান)
প্রধান নিয়ন্ত্রক
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।
controller.chief@yahoo.com

বিতরণঃ
১। সদর দপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারী।
২। সকল আঞ্চলিক দপ্তর।

অনুলিপি: সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয় (দৃঃআঃ যুগ্ম-সচিব, প্রশাসন-২), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।